বিশ্বনাথে প্রবাস বন্ধু ফোরামের কমিটি গঠন: সভাপতি-আজাদ, সম্পাদক-সোহেল

বিশ্বনাথ প্রতিনিধি: নিরাপদ অভিবাসন ও বিদেশ ফেরত পুনরেকত্রীকরণ সেবা নিয়ে সিলেটের বিশ্বনাথে প্রবাস বন্ধু ফোরামের কমিটি গঠন করা হয়েছে। দেওকলস ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান খায়রুল আমিন আজাদকে সভাপতি ও বিশ্বনাথ থিয়েটারের সাধারণ সম্পাদক নবীন সোহেলকে সাধারণ সম্পাদক করে ১৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারি) বিকেলে বিশ্বনাথ মডেল প্রেসক্লাব কার্যালয়ে ইউরোপীয় ইউনিয়ন ও ব্র্যাক-এর যৌথ অর্থায়নে এবং ব্র্যাক মাইগ্রেশন প্রোগ্রাম এর বাস্তবায়নে “ইম্প্রুভড সাসটেইনেবল রিইন্টিগ্রেশন অব বাংলাদেশী রির্টানী মাইগ্রেন্টস (প্রত্যাশা-২) প্রকল্পের আওতায় “নিরাপদ অভিবাসন ও বিদেশ-ফেরতদের পুনরেকত্রীকরন” বিষয়কে সামনে রেখে অনুষ্ঠিত এক জরুরী সভায় সর্বসম্মতিক্রমে এ কমিটি গঠন করা হয়। সংগঠনের অন্যান্য দায়িত্বপ্রাপ্তরা হলেন, সহ-সভাপতি বেগম স্বপ্না শাহিন, সাংগঠনিক সম্পাদক এমদাদ হোসেন নাঈম, তথ্য ও প্রচার সম্পাদক তাজুল ইসলাম, নির্বাহী সদস্য রাসনা বেগম ও পর্যবেক্ষক সদস্য প্রত্যাশা প্রকল্প-২ এর এমআরসি সিলেটের কো-অর্ডিনেটর শুভাশীষ দেবনাথ। কমিটির সদস্যরা হলেন, হোসাইন আহমদ শাহিন, নুর উদ্দিন, বিভাংশু গুণ বিভু, পারুল বেগম, ফাতেমা বেগম, মো. ছোয়াব আলী, বদরুল ইসলাম মহসিন, মাসুম আহমদ।

দেওকলস ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান খায়রুল আমিন আজাদের সভাপতিত্বে ও প্রোগ্রাম অর্গানাইজার আনহার আলীর পরিচলানায় সভায় মূল বক্তব্য উপস্থাপন করেন সেক্টর স্পেশালিস্ট ইকোনমিক রিইন্টিগ্রেশন কর্মকর্তা লষ্কর আবিদ মুনাওয়ার।
সভায় বিদেশ-ফেরত অভিবাসীদের জন্য ব্র্যাক মাইগ্রেশন প্রোগ্রাম প্রত্যাশা-২ প্রকল্পের মাধ্যমে নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণ, বিদেশ-ফেরত অভিবাসীদের মনোসামাজিক কাউন্সেলিং, সামাজিক পুনরেকত্রীকরণ সেবা এবং অর্থনৈতিক পুনঃএকত্রীকরন, বিভিন্ন প্রশিক্ষণ ও রেফারেল সেবা প্রদান করবে তা প্রবাস বন্ধু ফোরাম মিটিং উপস্থিতির মাঝে তুলে ধরা হয়। এছাড়া বিদেশ-ফেরত অভিবাসীরা সকল সেবা নিতে ব্র্যাক মাইগ্রেশন প্রোগ্রাম, বিশ্বনাথ এবং

প্রবাস বন্ধু কমিটির সাথে যোগাযোগ করার জন্য আহবান জানানো হয়।